

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.৪৪০০.০৪২.১৪.১০৬.১৭.১০

তারিখঃ ২৪ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে ঝিনাইদহ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ ঝিনাইদহ জেলা পরিষদের স্মারক নং-জেপবি/সাধা:এক/১২(২০১৭-২০১৮)/১৭-৪০৫, তারিখঃ ১১/১২/২০১৭।

২০১৭-২০১৮ অর্থ বছরে ঝিনাইদহ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১,৩৪,০০,০০০/- (এক কোটি চৌত্রিশ লক্ষ) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ৬২টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) ৫.০০ লক্ষ থেকে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, ঝিনাইদহ কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ২) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) দৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করতে হবে;
- ৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৬) প্রকল্পসমূহ সমাপ্তির পর জনসাধারণের অবগতির জন্য প্রকল্পস্থানে জেলা পরিষদ ঝিনাইদহ এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।


০৭/০১/১৮

(আনজুমান আরা)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঝিনাইদহ।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।